



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৫ এপ্রিল ২০১৮ খ্রি.

#### চসিক পরিচালিত মোবাইল কোর্ট অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ২৫ এপ্রিল ২০১৮ খ্রি. সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন মোমিন রোডের চেরাগী পাহাড় এলাকায় সড়ক ও ফুটপাথ অবিধভাবে দখল করে ফুলের দোকানের ফুল স্তূপ করে জন দূর্ভোগ সৃষ্টির দায়ে অপরাধিতা পুষ্প বিতানকে ৩ হাজার, রেড রোজ ফুলের দোকানকে ৩ হাজার, শাহ আবদুল মজিদিয়া ফুলঘরকে ৩ হাজার, হেভেন ফ্লাওয়ার হাউসকে ৩ হাজার, নিউ স্টারকে ৩ হাজার, স্টার পুষ্প বিতানকে ৩ হাজার টাকা সহ সর্বমোট ১৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২৫ এপ্রিল ২০১৮ খ্রি.

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৮ জন ওয়ার্ড সচিব এর বিদায় অনুষ্ঠানে মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, খালিপদ বিবেচনায় অস্থায়ী ওয়ার্ড সচিবদের স্থায়ী করা হবে। তিনি বলেন, ইউনিয়ন পরিষদের সাথে সিটি কর্পোরেশনের তুলনা করার কোন সুযোগ নেই। কারণ সিটি কর্পোরেশন ও ইউনিয়ন পরিষদ ২টি আলাদা সংস্থা। মেয়র বলেন, ওয়ার্ড সচিবদের পদটি গুরুত্বপূর্ণ পদ। তাদের কার্যক্রমের সাথে ওয়ার্ড কাউন্সিলর ও চসিকের সুনাম ও সুখ্যাতি নির্ভরশীল। এ পদে দায়িত্ব পালনকালে সাধারণ মানুষের স্বার্থকে বিবেচনায় রাখতে হবে। জনাব আ জ ম নাছির উদ্দীন বলেন, স্বচ্ছতা ও জবাবদিহিতার মধ্য থেকে দায়িত্ব পালনে সচেষ্ট থাকলে সংশ্লিষ্ট ওয়ার্ড সচিবকে বিশেষ বিবেচনায় রাখবে

চসিক। ২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, সন্ধ্যায় নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ওয়ার্ড সচিব ফোরাম এর আয়োজনে অবসরে যাওয়া ৮ জন ওয়ার্ড সচিব সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব কথা বলেন। সংগঠনের সভাপতি মো. মুজিবুর রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠিত সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা মো. সামসুদোহা, ভারপ্রাপ্ত সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান ও ৩৩নং ফিরিঙ্গীবাজার ওয়ার্ড কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব। বক্তব্য রাখেন ওয়ার্ড সচিব ফোরামের অর্থ সম্পাদক তোফায়েল আহমেদ, অবসরপ্রাপ্ত ওয়ার্ড সচিবদের পক্ষে গোপাল চন্দ্র দে। অনুষ্ঠান উপস্থাপনায় ছিলেন ওয়ার্ড সচিব ফোরামের সাধারণ সম্পাদক মো. তারেক সুলতান। মঞ্চে প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মান্নান সিদ্দিকী, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, সিবিএ সভাপতি ফরিদ আহমদ ও সিনিয়র সহ সভাপতি জাহেদুল আলমসহ ওয়ার্ড সচিব ফোরামের নেতৃবৃন্দ সহ সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ড সচিবগণ। পরে মেয়র অবসরে যাওয়া ওয়ার্ড সচিব গোপাল চন্দ্র দে, মতিলাল দেওয়ানজী, সেকান্দর আলম, বনমালী চক্রবর্তী, হরি শংকর ভট্টাচার্য, এস এম হারুন উর রশিদ, বখতেয়ারুল আলম চৌধুরী ও মো. ইসকান্দর হোসেনের হাতে ক্রেস্ট, ফুল ও উপহার সামগ্রী তুলে দেন।

চট্টগ্রাম- ২৫ এপ্রিল ২০১৮ খ্রি.

### **নেভাল এভিনিউ এলাকায় ত্রিভুজ চত্বরের সৌন্দর্যবর্ধন প্রকল্পের শুভ উদ্বোধন করলেন মেয়র**

২৪ এপ্রিল ২০১৮ খ্রি. মঙ্গলবার, সকালে চট্টগ্রাম নগরীর এম এ আজিজ স্টেডিয়ামে পশ্চিম দক্ষিণ কর্নারে নেভাল এভিনিউ ত্রিভুজ চত্বরের সৌন্দর্যবর্ধন প্রকল্পের ফিতা কেটে শুভ উদ্বোধন করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২২নং ওয়ার্ড কাউন্সিলর মো. সলিম উল্লাহ বাচ্চু, দৈনিক আজাদী পত্রিকার পরিচালনা সম্পাদক ওয়াহিদ মালেক, দৈনিক প্রথম আলো পত্রিকার বিশ্বজিৎ চৌধুরী, দৈনিক পূর্বকোণের ডেজী মদুদ, চসিক প্রধান পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম, বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: এর জেনারেল ম্যানেজার মার্কেটিং সাদেক নেওয়াজ, রিজিউনাল ম্যানেজার নজরুল ইসলাম, হেড ইন্ডাস্ট্রিয়াল সৈয়দ

মোহাম্মদ নাসিমসহ চট্টগ্রামের গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সৌন্দর্যবর্ধন প্রকল্পটি ব্যবস্থাপনায় ছিলেন বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: এবং সার্বিক তত্ত্বাবধানে পার্ল কমিউনিকেশনস প্রাইভেট লি:। প্রায় ১১ লক্ষ টাকা ব্যয়ে সৌন্দর্যবর্ধন প্রকল্পটি বার্জার পেয়েন্টস বাংলাদেশ লি: রক্ষনাবেক্ষনের দায়িত্ব পালন করবে। এ প্রকল্প উদ্বোধন উপলক্ষে মেয়র বলেন, নান্দনিক নগর গড়ে তোলার লক্ষে সৌন্দর্যবর্ধন কার্যক্রম করছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। চট্টগ্রামের হারানো গৌরব ও ঐতিহ্য ফিরিয়ে আনতে চেষ্টা করছে চসিক। ছোট ছোট কাজের মাধ্যমে সৌন্দর্যবর্ধন করা হচ্ছে। তিনি এ সকল কার্যক্রমে কর্পোরেট হাউজগুলো সহযোগিতা করার আহ্বান জানান।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**